তারিখ 28 NOV 1994
পৃষ্ঠা ৭ কলাম ২

দৈনিক ইত্তেফাক

05

# রাজবাড়ী কলেজে ছাত্র সংঘর্ষে

## ১ জন নিহত ॥ আহত ৫

রাজবাড়ী সংবাদদাতা জানান, গতকাল (রবিবার) দুপুরে রাজবাড়ী সরকারী কলেজে ছাত্রদল ও ছাত্র মৈত্রীর কর্মীদের মধ্যে সশস্ত্র সংঘর্ষে একজন ছাত্র নিহত ও ৫ জন আহত হইয়াছে। গুলীতে নিহত বনি আমিন পান্না কলেজের ২য় বর্ষ কলা বিভাগের ছাত্র এবং ছাত্রমৈত্রীর কর্মী। সংঘর্ষে আহত কলেজ সংসদের ভিপি সিরাজুল আলম, বেল্লাল, মিজানুর রহমান

(২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

### রাজবাড়ী কলেজ

(১ম পৃঃ পর)

টিটু ও গোলাম সারোয়ারকে আশঙ্কাজনক অবস্থায় ঢাকা প্রেরণ করা হইয়াছে। আহত সকলেই ছাত্রদলের নেতা ও কর্মী বলিয়া জানা গিয়াছে।

গতকাল কলেজ ক্যাম্পাসে ছাত্রমৈত্রী একটি প্রচার মিছিল বাহির করিলে সংঘর্ষের সূত্রপাত হয়। সংঘর্ষ চলাকালে ক্যাম্পাসে ৫ রাউণ্ড গুলীবর্ষণ ও বোমা ককটেলের বিস্ফোরণ ঘটে। অধ্যক্ষের কক্ষ ভাঙচুর করা হয়। উভয় দল রামদা, হকিষ্টিক, লাঠি, কুড়াল লইয়া সংঘর্ষে লিপ্ত হয়। সংঘর্ষ পরে কলেজ ক্যাম্পাস হইতে বাজারে, ছড়াইয়া পড়ে। মুহূর্তের মধ্যে শহরের দোকানপাট বন্ধ হইয়া এবং রাজবাড়ী হাট ছত্রভঙ্গ হইয়া যায়।

এই হত্যাকাণ্ডের প্রতিবাদে সন্ধ্যায় ছাত্রমৈত্রী শহরে প্রতিবাদ মিছিল বাহির করে। হত্যার বিচার ও হত্যাকারীদের অবিলম্বে গ্রেফতারের দাবীতে আজ (সোমবার) পূর্ন দিবস হরতাল আহ্বান করা হইয়াছে। এই রিপোর্ট লেখা পর্যন্ত থানায় কোন মামলা হয় নাই। শহরের বিভিন্ন মোড়ে পুলিশ মোতায়েত করা হইয়াছে। শহরে উত্তেজনা বিরাজ করিতেছে।